

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৪৮

২১. উত্তরাধিকার অধ্যায় (کتاب الفرائض)

পরিচ্ছেদঃ ৩১. ওয়ালা (মালিকানা স্বত্ব) সম্পর্কে

باب الْوَلَاءِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عِيسَى حَدَّثَنَا مُعَمَّرٌ حَدَّثَنَا خُصَيْفٌ عَنْ زِيَادِ بْنِ أَبِي مَرْيَمَ أَنَّ امْرَأَةً أَعْتَقَتْ عَبْدًا لَهَا ثُمَّ تُوفِي مَوْلَاهَا فَأَتَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ابْنُ الْمَرْأَةِ وَأَخُوهَا فِي مِيرَاثِهِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِيرَاثُهُ لِإبْنِ عَلَيْهِ وَسَلَّمَ مِيرَاثُهُ لِإبْنِ الْمَرْأَةِ فَقَالَ أَخُوهَا يَا رَسُولَ اللَّهِ لَوْ أَنَّهُ جَرَّ جَرِيرَةً عَلَى مَنْ كَانَتْ قَالَ عَلَيْكَ

বাংলা

৩০৪৮. যাইদ ইবনু আবী মারইয়াম (রহঃ) হতে বর্ণিত, এক মহিলা তার একটি দাস মুক্ত করল। এরপর সে তার এক পুত্র ও এক ভাই রেখে সে (মহিলা) মৃত্যু বরণ করলো। এরপর তার মুক্ত দাসটিও মৃত্যু বরণ করলো। তখন মহিলাটির পুত্র ও ভাই দুজনেই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট তার মীরাছের ব্যাপারে আসলো। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: "তার মীরাছ তার ছেলে পাবে।" তখন মহিলাটির ভাই বললো, ইয়া রাসূলাল্লাহ! সে যদি কোনো অপরাধ (দেনা) করে যেতো তবে তার দায়িত্ব কার উপর অর্পিত হতো? তখন তিনি বললেন: "তোমার উপর।"[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এ সনদটি হাসান।

তাখরীজ: আমি এটি এ শব্দে আর কোথাও পাইনি কেবল 'ইরওয়াউল গালীল' ১৬৯৭ নং ব্যতীত। দেখুন, ইবনু আবী শাইবা ১১/৩৯০-২৯১ ও আব্দুর রাযযাক আল মুসান্নাফ ৯/৩৫। ((এর বর্ণনাকারী খুসাইফ দুর্বল স্মৃতিশক্তির কারণে সনটি দুর্বল। এটি বর্ণনা করেছেন বাইহাকী, কুবরা ১০/৩০৩। ফাতহুল মান্নান হা/৩২১৮। অনুবাদক))

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন